ভোরের কাগজ

তারিখ ...13 FEB 1998...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭ ...

70

# জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পাস ও অনার্স ডিগ্রি হোল্ডারদের জন্য বিভিন্ন বিষয়ে এক বছর মেয়াদী সার্টিফিকেট কোর্স চালু করেছেন। এ কোর্সে কৃতিত্বের সঙ্গে সফলকাম হতে পারলে ভবিষ্যতে সে কোর্সের বিষয়ে এমএ (পূর্বভাগ) শ্রেণীতে ভর্তি হওয়া যায় প্রাইভেট ছাত্র (পরীক্ষার্থী) হিসেবে। এ বিশ্ববিদ্যালয়ের এ পদক্ষেপ অত্যন্ত যুগোপযোগী ও যুগান্তকারী। তাই আমি এ সুযোগ গ্রহণ করে এবার ইংরেজি বিষয়ে সার্টিফিকেট কোর্সে ভর্তি হয়েছি একটি নামী সরকারি কলেজে। ভর্তি হওয়ার সময় এ কলেজের কর্তৃপক্ষ আমার এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল সার্টিফিকেট ও মার্কস সার্টিফিকেট এবং অনার্স পরীক্ষার লসমার্কস সার্টিফিকেট জমা নেন। তারা এসব সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপিও আমার কাছ হতে জমা নেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশক্রমে অর্থাৎ নিয়ম মোতাবেক। কলেজ কর্তৃপক্ষ ভর্তির প্রমাণস্বরূপ আমাকে কোনো রশিদ দেননি। এখন আমার কথা হলো এ কলেজ থেকে আমার মূল সার্টিফিকেটগুলো হারিয়ে গেলে এর ক্ষতিপূরণ আমাকে কে দেবে? প্রসঙ্গত বলে রাখা ভালো যে, একই কলেজ কর্তৃপক্ষের দায়িত্বে থাকাবস্থায় একবার আমার সার্টিফিকেট হারিয়ে যাওয়ায় আমাকে অনেক ভোগান্তি পোহাতে হয়েছিল। দ্বিতীয়ত, এ কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের অধিকাংশই বেকার। চাকরি নামক সোনার হরিণ ধরার জন্য তাদের মূল সার্টিফিকেটগুলোর প্রয়োজনীয়তা অনস্বীকার্য। এ সার্টিফিকেটগুলো তাদের কাছে সর্বদা থাকা দরকার।

এসব অসুবিধার কথা চিন্তা করে ভর্তির দায়িত্বে নিয়োজতি কলেজ শিক্ষককে সত্যায়িত কপিসহ মূল সার্টিফিকেট কলেজে জমা রাখার কারণ জিজ্ঞেস করায় তিনি বললেন, 'জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মাঝে মাজে কলেজ পরিদর্শনে এসে থাকেন। তারা এসময় এ মূল সার্টিফিকেটগুলো দেখে থাকেন।' আমি তাকে বললাম, 'স্যার, আপনারাতো প্রথম শ্রেণীর কর্মকর্তা। আপনারাতো সব কাগজপত্র পরীক্ষা করে দেখেছেন, তাতে কি হয় না?' একথার জবাবে স্যার যে কথা বললেন, তাতে মনে হচ্ছে পিএসসি কর্তৃপক্ষের মাধ্যমে (তীব্র প্রতিযোগিতার মাধ্যমে তো বটেই!) নিয়োগপ্রাপ্ত এসব কলেজ শিক্ষকের কোনো মূল্য নেই আমলা মনোভাবাপন্ন জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে।

অতএব, উপরিউক্ত সমস্যাগুলোর আশু সমাধানের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ে সম্মানিত কর্তৃপক্ষের কাছে আমার সনির্বন্ধ আর্জি আমরা যারা সার্টিফিকেট কোর্সে ভর্তি হয়েছি তাঁদের মূল সার্টিফিকেটগুলো অবিলম্বে ফিরিয়ে দিন এবং ভর্তি হওয়ার সময় মূল সার্টিফিকেট জমা নেওয়ার প্রথা বাতিল করুন।

**মোঃ মোস্তফা কামাল**
বিএ (অনার্স), এমএ.বিএড
মুন পার্টস স্টোর, সদর রোড, ভোলা।